

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – কবিতা – চাষীর ছেলে and বাংলা সংখ্যা ও কথায়

(Numbers in word and figure)

Answer Sheet

1. সংক্ষিপ্ত উত্তর দাও:-

I) চাষীর ছেলে কবিতাটির কবির নাম কী?

Ans: - চাষীর ছেলে কবিতাটির কবির নাম জসীমউদ্দীন।

II) চাষীর ছেলের মুখখানি কার সঙ্গে তুলনা করা হয়েছে?

Ans: - চাষীর ছেলের মুখখানি কাঁচা ধানের পাতার সঙ্গে তুলনা করা হয়েছে।

III) চাষীর ছেলে কবিতাটিতে কে সব জয় করেছে?

Ans: - চাষীর ছেলে কবিতাটিতে চাষীর ছেলে সব জয় করেছে।

IV) চাষীর ছেলেটির মাথার চুল কেমন?

Ans: - চাষীর ছেলেটির মাথার চুল লম্বা।

V) চাষীর ছেলেটির চোখ দুটি দেখতে কেমন?

Ans: - চাষীর ছেলেটির চোখ দুটি দেখতে কালো ভ্রমরের মতো।

VI) চাষীর ছেলেটির হাত দুটি কিসের মতো সরু?

Ans: - চাষীর ছেলেটির হাত দুটি কচি লাউডগার মতো সরু।

VII) চাষীর ছেলেটির দেহের রঙ কী?

Ans: - চাষীর ছেলেটির দেহের রঙ কালো।

VIII) চাষীর ছেলেটির শরীরটি কিসের মতো সতেজ?

Ans: - চাষীর ছেলেটির শরীরটি শ্রাবণ মাসের তমাল গাছের মতো সতেজ।

IX) ভ্রমর শব্দের অর্থ কী?

Ans: - ভ্রমর শব্দের অর্থ মৌমাছি।

X) কেতাব কোরান কী দিয়ে লেখা হয়?

Ans: - কেতাব কোরান কালো দোয়াতের কালি দিয়ে লেখা হয়।

2. সঠিক উত্তরে টিক চিহ্ন দাও:-

I) গ্রামের চাষীর ছেলেটির মাথার চুল ছোটো লম্বা ।

II) চাষীর ছেলেটির মুখের বা দেহের রঙ সাদা কালো ।

III) চাষীর ছেলেটির চোখ কালো ভ্রমরের মতো পিঁপড়ের মতো ।

IV) চাষীর ছেলেটির হাত দুটি কচি ধানের চারার মতো কচি লাউডগার মতো ।

V) চাষীর ছেলেটি তার কালো রূপ দিয়ে সব জয় করেছে ভয় পেয়েছে ।

3. ফাঁকা জায়গায় কবিতা থেকে সঠিক শব্দ নিয়ে শূন্যস্থান পূরণ করো:-

I) কালো চোখের তারা দিয়েই সকল ধারা দেখি,

কালো দ'তের কালি দিয়েই কেতাব কোরান লেখি।

4. নীচের শব্দগুলির অর্থ লেখো:-

শব্দ	অর্থ
গাঁয়ের	গ্রামের
নবীন	নতুন
তৃণ	ঘাস
বাহু	হাত
জালি লাউ	কচি লাউ
শাওন মাস	শ্রাবণ মাস
তরু	গাছ
বাদল	বৃষ্টি
বিজলী	বিদ্যুৎ
লাজে	লজ্জায়
চোখের তারা	চোখের মণি
জনম	জন্ম
মরণ	মৃত্যু
কেতাব	বই
ভুবনময়	বিশ্বজোড়া

5. নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো:-

শব্দ	অর্থ
গ্রামের	শহরের
লম্বা	বেঁটে
ছেলে	মেয়ে
কালো	সাদা
নবীন	প্রবীণ
সরু	মোটা
হাসি	কান্না
জনম	মরণ
কাঁচা	পাকা
কচি	বুড়ো

বাংলা সংখ্যা ও কথায়:-

Answer Sheet

1. নীচের সংখ্যা গুলি কথায় লেখো:-

সংখ্যা	কথায়
২০৫	দু'শো পাঁচ
২১৪	দু'শো চৌদ্দো
২১৯	দু'শো উনিশ
২২০	দু'শো কুড়ি
২৩০	দু'শো ত্রিশ
২৩৩	দু'শো তেত্রিশ
২৩৭	দু'শো সাঁইত্রিশ
২৩৯	দু'শো উনচল্লিশ
২৪৫	দু'শো পঁয়তাল্লিশ
২৫০	দু'শো পঞ্চাশ

2. নীচের কথায় লেখাগুলি সংখ্যায় লেখো:-

কথায়	সংখ্যা
দু'শো দশ	২১০
দু'শো সতেরো	২১৭
দু'শো বাইশ	২২২
দু'শো ছাব্বিশ	২২৬
দু'শো উনত্রিশ	২২৯
দু'শো পঁয়ত্রিশ	২৩৫
দু'শো আটত্রিশ	২৩৮
দু'শো চল্লিশ	২৪০
দু'শো চুয়াল্লিশ	২৪৪
দু'শো সাতচল্লিশ	২৪৭
